সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ সেন্টার, ঢাকা (দক্ষিণ)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১ (পূর্ব পার্শ্ব)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

স্মারক নং- ৪৯.০৪.০০০০.০২১.১৪.০৯.২০২৬-১৬০ তারিখঃ ০৫-১১-২০২৬ খ্রিঃ

বিষয়: প্রবাসী কর্মীর সন্তানদের "শিক্ষাবৃত্তি-২০২৬" বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

সূত্র: ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পত্র নং; ৪৯.০৪.০০০০.০০৪.১৮.২৪২.২৬-১২৯; তারিখ; ১৪-১০-২০২৬খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে,জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসীকর্মী ও তাঁদের পরিবারের কল্যাণে বহুমুখী সেবা কার্যক্রম পরিচালনা করে আসছে। সেই ধারাবাহিকতায় প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের নিকট থেকে "শিক্ষাবৃত্তি-২০২৬" এর জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যার আলোকে "শিক্ষাবৃত্তি-২০২৬" এর বিজ্ঞপ্তি টি বহুল প্রচারের প্রয়োজন।

০২। উল্লিখিত বিষয়ে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের ও তাঁদের পরিবারের অবগতির জন্য আপনার প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল এবং দাপ্তরিক নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ পাতা।

অধ্যক্ষ,
ঢাকা কলেজ
ঢাকা।

০৫/১১/২৬

মোঃ শাহ্জালাল
সহকারী পরিচালক
ফোনঃ +৮৮০২৫৫১৩৮৮৮৯
মোবা: ০১৩২১১৫৮৩০০
wc.dhakasouth@wewb.gov.bd

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অফিস, ঢাকা।
৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪ হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৫। অফিস কপি/২০২৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮. ২৪২.২৬- ১২৭ তারিখ: ১৪/১০/ ২০২৬খ্রি.

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২৬ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ১ম সেমিস্টার/বর্ষে অধ্যয়নরত রয়েছেন ও ২০২৫ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ/বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৫ সালে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত রয়েছেন, সে সকল শিক্ষার্থীদের মধ্য হতে নির্ধারিত সংখ্যক মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা হয়েছে। বিজ্ঞপ্তিটি ইতোমধ্যে বিভিন্ন পত্রিকায় প্রকাশ করা হয়েছে। এছাড়াও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি পাওয়া যাচ্ছে।

২। এমতাবস্থায়, প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার জেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ।

(মোহাম্মদ জাকির হোসেন)
(উপসচিব)
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
Email:d.irp.@wewb.gov.bd

সহকারী পরিচালক
প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
০২। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

স্মারক নং: ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.২৪২.২০২৬-২২৯ তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-২০২৫ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদন আহ্বান।

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৬ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৫ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিক্যাল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৫ সালে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং-এ (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। আবেদনের যোগ্যতা :

ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন তাদের সন্তান;
খ) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ২ (দুই) জন সন্তান শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে।

২। নিম্নোক্ত ছকে বর্ণিত শর্ত সাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ	
			(ক) প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে	(খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২৬	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২৫	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৫০	৪.০০
০৩	ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২০২৫	-	৩.২৫	৩.০০

৩। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে :

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ সম্বলিত পাসপোর্ট-এর কপি;
খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র;
গ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত এনওসি (দূতাবাস সনদ)-এর কপি;
ঘ) শিক্ষার্থীর যে কোনো তফসিলি ব্যাংকের হিসাব নম্বর ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটমেন্ট (এজেন্ট ব্যাংকিং গ্রহণযোগ্য নয়);
ঙ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি ও স্বাক্ষর এবং
চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/এনআইডি-এর কপি।

৪। শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ :

ক) এসএসসি/সমমান: একাদশ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ (দুই) বছর, তবে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে সর্বোচ্চ ৪ (চার) বছর।
খ) এইচএসসি/সমমান: ডিগ্রি (পাস) কোর্স এর জন্য ৩ (তিন) বছর, স্নাতক এর জন্য ৪ (চার) বছর, তবে এমবিবিএস, বিডিএস (ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি), ডিভিএম (ডক্টর অফ ভেটেরিনারি মেডিসিন), বি.আর্ক (ব্যাচেলর অফ আর্কিটেকচার) এ ৫ (পাঁচ) বছর এবং অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রেও ৫ (পাঁচ) বছর এবং
গ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং: বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ৪ (চার) বছর।

৫। অনলাইনে আবেদনের প্রক্রিয়া :

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের জন্য https://portal.wewb.gov.bd লিংকে ভিজিট করুন।
খ) অনলাইনে আবেদনের সময়সীমা: **২৫ অক্টোবর ২০২৬ হতে ২৪ নভেম্বর ২০২৬ তারিখ** পর্যন্ত।

৬। শর্তাবলি :

ক) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না;
খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে;
গ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তিপ্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং
ঘ) এ সংক্রান্ত যেকোন তথ্যের জন্য প্রবাসী কল সেন্টার (দেশ থেকে: ১৬১৩৫ টোল ফ্রি এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০) ও জেলা প্রবাসী কল্যাণ সেন্টারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৮/১০/২৬
(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
পরিচালক (আইআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নথি নং- ৪৯.০৪.০০০০.০০৪.১৮.২৪২.২৬-১৩৫ তারিখ: ১৫/১০/ ২০২৬ খ্রি.

বিষয়: এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-২০২৫ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন ফরম বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, যে সকল প্রবাসী কর্মী ২০০৪ সালের পূর্বে বিদেশ গমন করেছেন শুধুমাত্র সে সকল প্রবাসী কর্মীর সন্তানেরা ম্যানুয়াল ফরমে আবেদন করতে পারবেন।

জেলা পর্যায়ে কর্মরত সহকারী পরিচালকগণকে শিক্ষাবৃত্তি আবেদনকারীর-

ক) পূরণকৃত আবেদনফর্ম
খ) আবেদন ফর্মের সাথে চাহিত সকল সংযুক্তি এবং
গ) মূল পাসপোর্ট (৩০/০৬/২০০৪ সালের পূর্বের) সহ প্রধান কার্যালয়ে রেজিস্টার্ড ডাক মারফত পরিচালক (আইআরপি) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বিনা প্রয়োজনে কোন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি সংক্রান্ত কাজে ঢাকায় প্রেরণ না করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

সংযুক্তি- আবেদন ফরম।

১৫/১০/২৬

(মোহাম্মদ জাকির হোসেন)
(উপসচিব)
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
ই-মেইল d.irp@wewb.gov.bd

সহকারী পরিচালক/ সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা;
২। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা; এবং
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

ছবি

প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন ফরম

এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ ও ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-২০২৫
(প্রযোজ্য ক্ষেত্রে টিক ✓ দিন)

১. আবেদনকারীর নাম (বাংলায়) : .....

(ইংরেজি) : .....

২. রেজাল্ট : ..... জিপিএ : ..... প্রাপ্ত নম্বর : ..... রোল নম্বর : .....

রেজিস্ট্রেশন নম্বর : ..... শিক্ষার্থীর মোবাইল নম্বর : .....

শিক্ষা প্রতিষ্ঠানের নাম : .....

৩. জন্ম তারিখ : ..... বয়স : ..... বছর : .....

৪. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম : ..... শিক্ষাবর্ষ : .....

বিষয় : ..... বিভাগ : ..... কোর্সের মেয়াদকাল : .....

৫. পিতার নাম (ইংরেজি) .....

৬. মাতার নাম (ইংরেজি) : ..... মোবাইল নম্বর : .....

৭. অভিভাবকের নাম : ..... মোবাইল নম্বর : ..... সম্পর্ক : .....

(পিতা/মাতার অবর্তমানে)

৮. বর্তমান ঠিকানা (ইংরেজি) : .....

৯. স্থায়ী ঠিকানা (ইংরেজি) : .....

১০. শিক্ষার্থীর পিতা বা মাতা যিনি প্রবাসীকর্মী তার তথ্যাদি :

ক্রম	নাম ও পাসপোর্ট নম্বর	কর্মরত দেশের নাম	জীবিত/মৃত	ফোন/ই-মেইল (যদি থাকে)
১.				

১১. শিক্ষার্থীর ব্যাংক অ্যাকাউন্ট-এর তথ্যাদি :

(ক) ব্যাংকের অ্যাকাউন্ট নম্বর : ..... (খ) ব্যাংকের নাম : .....

(গ) শাখার নাম : ..... (ঘ) রাউটিং নম্বর : ..... (ঙ) জেলা (ব্যাংক) : .....

১২. অনলাইনে আবেদন না করার কারণ : .....

১৩. ইতোপূর্বে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে আর্থিক অনুদান অথবা শিক্ষা বৃত্তি পেয়ে থাকলে তার তথ্যাদি :
.....

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

সংযুক্তি:
(ক) পাসপোর্ট এর কপি (বহির্গমন ছাড়পত্রসহ)
(খ) মৃত কর্মীর জন্য দূতাবাসের এনওসি কপি।
(গ) মার্কশিট-এর কপি।
(ঘ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/এনআইডি-এর কপি।
(ঙ) অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের মূল প্রত্যয়নপত্র।
(চ) শিক্ষার্থীর রাউটিং নম্বরসহ ব্যাংক স্টেটমেন্ট (এজেন্ট ব্যাংক গ্রহণযোগ্য নয়)।


...ভিবাসী
...ও পাশে আছি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
করব কাজ, গড়ব দেশ
সবার আগে বাংলাদেশ
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কর্মীর
সন্তানদের
শিক্ষাবৃত্তি
বাড়াবে দেশের
সমৃদ্ধি
এসএসসি/
সমমান (উত্তীর্ণ)
২৭,৫০০/-
এইচএসসি/
সমমান (উত্তীর্ণ)
৩৪,০০০/-
ডিপ্লোমা ইন
ইঞ্জিনিয়ারিং (উত্তীর্ণ)
৩৪,০০০/-
প্রয়োজনে:
প্রবাসী
কল সেন্টার
আমরা আছি আপনার পাশে
২৪/৭
দেশ থেকে (টোল-ফ্রি)
১৬১৩৫
বিদেশ থেকে
+৮৮০৯৬১০১০২০৩০
বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন
www.wewb.gov.bd

প্রত্যাগত অভিবাসী
ফিরে এলেও পাশে আছি

WEWB
Wage Earners' Welfare Board

করব কাজ, গড়ব দেশ
সবার আগে বাংলাদেশ

প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রদত্ত সেবা সমূহ

প্রবাসী কল্যাণ ডেস্ক
বিদেশ গমনাগমনকালে সেবাকর্মীর মাধ্যমে বিমানবন্দর সংশ্লিষ্ট আনুষ্ঠানিকতা সম্পাদনে সহযোগিতাসহ বিএমইটি'র ছাড়পত্র/বোর্ডের মেম্বারশীপ গ্রহণকারী প্রবাসী কর্মীদের ১০০/- টাকায় লাগেজ র‍্যাপিং সুবিধা প্রদান;

প্রবাসী লাউঞ্জ
প্রবাসী কর্মীদের জন্য ফ্রি WiFi, টেলিভিশন, সংবাদপত্র ও ফ্রি টেলিফোন সুবিধাসহ ৩০% ডিসকাউন্টে প্রবাসী ক্যাফে-তে সুলভ মূল্যে স্বাস্থ্যসম্মত খাবারের ব্যবস্থা;

রাত্রিযাপন সুবিধা
ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সন্নিকটে ওয়েজ আর্নার্স সেন্টারে ফ্রি যাতায়াত, সাশ্রয়ী মূল্যে খাবার এবং মাত্র ২০০/- (দুইশত) টাকায় রাত্রিযাপন সুবিধা;

শিক্ষা সহায়তা
প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান;

প্রতিবন্ধী সন্তানদের ভাতা
প্রবাসী কর্মীর পরিবারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী সুদৃঢ়করণের লক্ষ্যে তাঁদের প্রতিবন্ধী সন্তানদের প্রতিমাসে ২,০০০/- টাকা হারে বছরে এক কিস্তিতে ২৪,০০০/- টাকা করে ৭ বছর ভাতা প্রদান;

চিকিৎসা সহায়তা প্রদান
প্রবাসে আহত ও অসুস্থ হয়ে দেশে ফেরত কর্মীর চিকিৎসার্থে সর্বোচ্চ ০২ (দুই) লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান;

অ্যাম্বুলেন্স সুবিধা
বিদেশ ফেরত অসুস্থ ও আহত কর্মী পরিবহনে বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সুবিধা প্রদান;

আর্থিক অনুদান
বিএমইটি'র ছাড়পত্র/বোর্ডের মেম্বারশীপ গ্রহণকারী প্রবাসী কর্মী প্রবাসে মৃত্যুবরণ করলে তাঁদের পরিবারকে এককালীন ০৩ (তিন) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান;

বীমা সুবিধা প্রদান
বিদেশগামী কর্মীর এককালীন ১ হাজার টাকা প্রিমিয়ামে ৫ বছর মেয়াদে ১০ লক্ষ টাকা এবং ৬ মাসের মধ্যে ফেরত কর্মীদের ৫০ হাজার টাকা বীমা সুবিধা প্রদান;

মৃত্যুজনিত ক্ষতিপূরণ
প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্সের অর্থ আদায়পূর্বক পরিবারের সদস্যদের মধ্যে বিতরণ;

পুনঃএকত্রীকরণ
RAISE প্রকল্পের মাধ্যমে বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনঃএকত্রীকরণ এবং পুনর্বাসনে সহায়তা প্রদান;

ডায়াসপোরা প্রকল্প
প্রবাসী বিনিয়োগ উৎসাহিতকরণ ও রেমিট্যান্সের সুচিন্তিত ব্যবহারের লক্ষ্যে প্রবাসীর পরিবারের সদস্যদের প্রশিক্ষণ ও ব্যবসা শুরু করার জন্য নির্বাচিত ৩০০ পরিবারকে ১ লক্ষ টাকা করে এককালীন অনুদান প্রদান করা হয়েছে।



২৪/৭
দেশ থেকে (টোল-ফ্রি)
১৬১৩৫
+৮৮০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে)
প্রবাসী কল সেন্টার
আমরা আছি আপনার পাশে



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

জেলা প্রবাসী কল্যাণ সেন্টার
Expatriates' Welfare Center (EWC)



ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

প্রত্যাগত অভিবাসী
ফিরে এলেও পাশে আছি

করব কাজ, গড়ব দেশ
সবার আগে বাংলাদেশ

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়


বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের কার্যক্রম

প্রবাসী কর্মীদের পাশে বিমানবন্দরের তাৎক্ষনিক সহায়তা

প্রবাসী লাউঞ্জে
৩০% ডিসকাউন্টে
স্বাস্থ্য সম্মত খাবার

বোর্ডের মেম্বারশীপ/বিএমইটি ছাড়পত্র গ্রহণকারীদের
১০০/- টাকায়
লাগেজ র‍্যাপিং সুবিধা

লাগেজ/মালামাল হারিয়ে গেলে বিমানবন্দরের
Lost and Found
এর মাধ্যমে প্রাপ্তিতে সহায়তা



বিদেশ গমনাগমনকালে সেবাকর্মীর মাধ্যমে বিনামূল্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী কর্মীদের সেবা প্রদান

মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক অনুদান প্রদান
৩৫,০০০/-

বিদেশ হতে দেশে আসা অসুস্থ প্রবাসী কর্মীকে হাসপাতালে ভর্তিতে সহযোগিতা

প্রত্যাগত প্রবাসী কর্মীদের ক্ষেত্রবিশেষে প্রয়োজনীয় আর্থিক সহায়তা

যুদ্ধাবস্থা ও প্রাকৃতিক দুর্যোগকালীন জরুরি পরিস্থিতির কারণে ফেরত কর্মীদের সহায়তা

সৌদি আরব থেকে ছুটিতে আসা প্রবাসী কর্মীদের রি-এন্ট্রি ভিসা বিনামূল্যে যাচাই/প্রিন্ট

বোর্ডিং পাশ ও লাগেজ সংগ্রহে সহযোগিতা

বিদেশ হতে আহত বা অসুস্থ ফেরত প্রবাসী কর্মীদের অ্যাম্বুলেন্স সুবিধা

প্রয়োজনে:
প্রবাসী কল সেন্টার
আমরা আছি আপনার পাশে

২৪/৭
দেশ থেকে (টোল-ফ্রি)
১৬১৩৫

বিদেশ থেকে
+৮৮০৯৬১০১০২০৩০

বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন www.wewb.gov.bd

প্রত্যাগত অভিবাসী
ফিরে এলেও পাশে আছি

করব কাজ, গড়ব দেশ
সবার আগে বাংলাদেশ

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়



প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি বাড়াবে দেশের সমৃদ্ধি

এসএসসি/ সমমান (উত্তীর্ণ)	এইচএসসি/ সমমান (উত্তীর্ণ)	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (উত্তীর্ণ)
২৭,৫০০/-	৩৪,০০০/-	৩৪,০০০/-

প্রয়োজনে:
প্রবাসী কল সেন্টার
আমরা আছি আপনার পাশে

২৪/৭

দেশ থেকে (টোল-ফ্রি)
১৬১৩৫

বিদেশ থেকে
+৮৮০৯৬১০১০২০৩০

বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন www.wewb.gov.bd